ভোরের কাগজ

তারিখ ...............
পৃষ্ঠা ১২ কলাম ৫

AUG 09 2002

৭ দফার এখনো ৬ দফা বাকি

# ঢা.বির নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীর মানববন্ধন করবে ১১ আগস্ট

কাগজ প্রতিবেদক : ৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীরা আগামী ১১ আগস্ট প্রেসক্লাবের সামনে মানববন্ধনের আয়োজন করবে। নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীরা গতকাল মধুর ক্যেন্টিনে আয়োজিত সংবাদ সম্মেলনের মাধ্যমে এ কর্মসূচি ঘোষণা করে।

সংবাদ সম্মেলনে ছাত্রছাত্রীরা বলেন, উপাচার্য, প্রোক্টরের পদত্যাগের মধ্য দিয়ে আমাদের ৭ দফার ১ দফা আদায় হলেও বাকি ৬ দফার বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনো কোনো পদক্ষেপ নেয়নি।

সংবাদ সম্মেলনে ছাত্রছাত্রীরা বলেন, যে প্রোক্টরিয়াল আইনে ছাত্রছাত্রীরা একত্রে চলাফেরা করলে কানধরে উঠবস করানো হয় সেই আইন অবিলম্বে বাতিল করতে হবে।

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৩

## ঢা.বির নির্যাতনবিরোধী

● শেষের পাতার পর

সংবাদ সম্মেলনে ছাত্রছাত্রীরা ২৩ জুলাই এবং পরবর্তী সময়ে ছাত্রছাত্রীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার, বিশ্ববিদ্যালয় খুলে দেওয়া, হল থেকে বহিরাগতদের বের করে দেওয়া, প্রোক্টরিয়াল আইন যুগোপযোগী করাসহ ৬ দফার দাবি আদায়ের লক্ষ্যে গত ২৪ জুলাই থেকে আন্দোলন করে আসছে।